গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হাসপাতাল ও ক্লিনিক শাখা
স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ভবন
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বা:অধি:/হাস:/ Sandor Dialysis/২০১৮/ 28 তারিখ: 2/1/2020

বরাবর,

সচিব,
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃ:আ:-যুগ্মসচিব, মনিটরিং, স্বাস্থ্য প্রতিষ্ঠান অধিশাখা)।

**বিষয়: ন্যাশনাল ইনষ্টিটউট অব কিডনী এন্ড ইউরোলজী (NIKDU) এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল (CMCH) এ Concessionaire Agreement) Sandor Dialysis পরিচালিত পিপিডপি এর আওতায় প্রতিষ্ঠিত ডায়ালাইসিস সেবা কাযক্রমের অগ্রগতির প্রতিবেদন।**

সূত্র: মন্ত্রণালয়ের স্মারক নং-৪৫.১৫৪.১১৬.০০.০০.০০২.২০১৫/১৪৮, তারিখ: ১৮-১২-২০১৯খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ন্যাশনাল ইনষ্টিটউট অব কিডনী এন্ড ইউরোলজী (NIKDU) এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল (CMCH) এ Concessionaire Agreement এর অধিনে প্রতিষ্ঠিত ডায়ালাইসিস সেন্টার সমূহের মান সম্মত ডায়ালাইসিস সেবা নিশ্চিত করার লক্ষ্যে গঠিত কমিটি কার্য পরিধি অনুসরন পূর্বক সভা করে প্রতিবেদন প্রস্তুত করেন। উক্ত প্রতিবেদনটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০৪(চার) পাতা।

02/01/2020

(ডা: মো: আমিনূল হাসান)
পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ফোন-০২-৫৫০৬৭১৫০, ফ্যাক্স-০০২-৫৫০৬৭১৫১
Email:directorhospital@ld.dghs.gov.bd

স্মারক নং-স্বা:অধি:/হাস:/ Sandor Dialysis/২০১৮/ তারিখ:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃ: আ:- সহকারী পরিচালক, সমন্বয়)।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, পাবলিক প্রাইভেট পার্টনারশীপ, প্রধানমন্ত্রীর কার্যালয়, গ্রীন ডেল্টেএআইএমএম টাওয়ার লেভেল -৩, বি ৫১-৫২, মহাখালী, ঢাকা।

৩। পরিচালক, NIKDU, শের-ই-বাংলা নগর, ঢাকা।

৪। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়, ঢাকা।

৬। Managing Director, Sandor Medicals (Pvt) Ltd. Benjara Hills Hydrabad, India.

৭। Executive Director, IDCOL, URC Building, 16th Floor , 8 Panthapath, Karwan Bazar,Dhaka-1215.

৮। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়, ঢাকা।

৯। অফিস কপি।

(ডা: মো: আমিনূল হাসান)
পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ফোন-০২-৫৫০৬৭১৫০, ফ্যাক্স-০০২-৫৫০৬৭১৫১
Email:directorhospital@ld.dghs.gov.bd

# প্রতিবেদন

ন্যাশনাল ইনষ্টিটউট অব কিডনী এন্ড ইউরোলজী (NIKDU) এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল (CMCH) এ Sandor Dialysis পরিচালিত কেন্দ্র সমূহের ডায়ালাইসিস সেশন সংখ্যা বৃদ্বি সংক্রান্ত স্বাস্থ্য সেবা সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটির প্রতিবেদন নিম্মরুপ:

১ Sandor Dialysis Services Bangladesh (Pvt) Ltd কর্তৃক পরিচালিত কেন্দ্র সমূহে মান সম্মত ডায়ালাইসিস সেবা নিশ্চিত করণে চুক্তি পত্র (Concessionaire Agreement) পর্যালোচনা করা হয় এবং সংশোধনীসহ  প্রয়োজনীয় সুপারিশ করা হয়(সংযুক্ত সভার কায বিবরণী)।

২। Sandor Dialysis Services Bangladesh (Pvt) Ltd কর্তৃক পরিচালিত কেন্দ্র সমূহে বর্তমানে বছরে ২৯৬০৯টি সেশন পরিচালিত হয় যা চাহিদার তুলনায় যথেষ্ট কম। জনগনের ডায়ালাইসিস জনিত ভোগান্তি লাগবে সেশন সংখ্যা দ্বিগুন করার সিদ্ধান্ত যৌক্তিক বিবেচনায় গৃহিত হয়।

৩। প্রস্তাবিত দ্বিগুন পরিমান সেশন  ৫৯২১৮টি সেশনের জন্য অতিরিক্ত বাজেট ১১,৬৮,৩৭,১১৪ টাকা বরাদ্দ প্রয়োজন।

৪। Sandor Dialysis Services Bangladesh (Pvt) Ltd কেন্দ্রটির মান সম্মত ডায়ালাইসিস সেবা মনিটরিং ও সুপারভিশনের জন্য Independent Panal গঠন করার প্রক্রিয়া চুড়ান্ত পর্যায়ে। ফলে মান সম্মত সেবা প্রদান শীঘ্রই সম্ভব হবে।

৫। Sandor Dialysis Services Bangladesh (Pvt) Ltd কেন্দ্রটি NIKDU তে দোতলায় হওয়ার কারণে ডায়ালাইসিস রোগীদের যাতায়াতের সহজীকরনের জন্য একটি ক্যাপস্যুল লিফট স্থাপন করার কথা ছিল। কিন্তু ক্যাপস্যুল লিফট স্থাপনের বিষয়টির কোন অগ্রগতি হয় নাই।

৬। বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের তথ্যের আলোকে দেখা যায় একটি ডায়ালাইজার একবার ব্যবহার করলে স্থাপনা খরচ ও মেইটেন্যান্স খরচ সহ প্রতি সেশনে নূন্যতম খরচ হয় ১৭০০-২১০০ টাকা (তালিকা সংযুক্ত)। কিন্তু যদি ডায়ালাইজার Multiple use অর্থাৎ একাধিক বার ব্যবহার করা হয় সে ক্ষেত্রে খরচ কিছুটা কম হতে পারে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

বিষয়ঃ NIKDU এবং CMCH পিপিপ'র আওতায় স্যান্ডর কর্তৃক ডায়ালাইসিস সেন্টার স্থাপিত ডায়লাইসসি সেন্টারে মানসম্মত চিকিৎসা প্রদানের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটির কার্যবিবরনী।

সভাপতি ঃ **ডাঃ মোঃ আমিনুল হাসান**, পরিচালক হাসপাতাল ও ক্লিনিকসমূহ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
তারিখ ঃ ৩০-১২-২০১৯ ইং তারিখ রোজ সোমবার
সময় ঃ ০৩.০০ ঘটিকায়
সভার স্থানঃ স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নাম পদবী ও স্বাক্ষর (পরিশিষ্ট -ক)।

আলোচনা ও সিদ্ধান্ত

সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্যগন তাদের আলোচনা শুরু করেন।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা |
|---|---|---|
| ১. | জনবল | ডাঃ নুরুল হুদা, সহযোগী অধ্যাপক নেফ্রোলজী, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের স্থাপিত ডায়ালাইসিস সেন্টারের বিভিন্ন সমস্যা ও সমাধানকল্পে বিস্তারিত তথ্য উপাত্ত উপস্থাপন করেন<br><br>CMCH উভয় সেবায় অভিজ্ঞ চিকিৎসক, ডিপ্লোমাধারী নার্স এবং ডিপ্লোমাধারী ডায়ালাইসিস টেকনিশিয়ান নেই যেখানে অভিজ্ঞ ডিপ্লোমাধারী নার্স ও টেকনিশিয়ান থাকা জরুরী। |
| ২. | পানি, লবন, ফ্লুইড ও প্রয়োজনীয় যন্ত্রপাতি | পানি রাসায়নিক পদার্থ দ্বারা নিয়মিতভাবে পরীক্ষা করা প্রয়োজন যা সেখানে করা হয় না।<br><br>পানি পরিশোধনে সাধারন মানের লবন ব্যবহার করা হয়। যেখানে অন্যান্য প্রাইভেট ডায়ালাইসিস সেন্টারে ব্যবহার করা হয় AXAL Pro লবন যা Esco Company এর তৈরী।<br><br>ডায়ালাইসিস ফ্লুইড এ এবং বি নিজেরা খোলা পরিবেশে তৈরী করে যা মোটেই স্বাস্থ্য সম্মত নয়<br><br>অত্যাবশ্যকীয় কিছু যন্ত্রপাতি যেমন ইসিজি মেশিন এবং সাকার মেশিন নেই যা অতীব জরুরী |
| ৩. | ডায়ালাইসিস সেবা ও ডায়ালাইজারের মূল্য | ১টি নতুন ডায়ালাইজারের (F-6 Fresenious) বর্তমান বাজার মূল্য ৭১০ টাকা কিন্তু রোগীদের নিকট থেকে নেওয়া হয় ৯৮৪ টাকা। |
| ৪. | ডায়ালাইজারের ব্যবহার | ডাঃ কাজী শাহনুর আলম, সহযোগী অধ্যাপক নেফ্রোলজী, ন্যাশনাল |

| | | |
|---|---|---|
| | | Single use Dialyzer একবার ব্যবহারের মধ্যেই সীমাবদ্ধ থাকতে হবে। যদি Multiple use Dialyzer (যা Dialyzer এর গায়ে প্রস্তুতকারী কোম্পানী কর্তৃক মুদ্রিত) এর ব্যবস্থা করা যায় তবে তা Reuse করা যেতে পারে। যারা প্রতিবার নতুন ডায়ালাইজার ব্যবহার করে তাদেরকে প্রতিমাসে কমপক্ষে ৪টি ডায়ালাইজার ফ্রি দিতে হবে। |
| ৫. | লোকাল ইউনিট মেডিকেল ডাইরেক্টর অথবা সুপারভাইজার | ডায়ালাইসিস সেন্টার পরিচালনার জন্য পরিচালক একজন মেডিকেল পার্সন থাকা আবশ্যক। বর্তমানে সেন্টারের পরিচালক হিসেবে কোন মেডিকেল পার্সন নেই। উক্ত মেডিকেল ডাইরেক্টর নেফ্রোলজী বিষয়ে ডিগ্রী ও অভিজ্ঞতা থাকা আবশ্যক। |
| ৬. | সেশন সংখ্যা ও ফ্রি সেশন | সেশন সংখ্যা বৃদ্ধির পাশাপাশি ফ্রি সেশন সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন। মোট ডায়ালাইসিসের নূন্যতম ১০% ফ্রি (নন পেয়িং) ডায়ালাইসিস বাধ্যতামূলক করতে হবে। |
| ৭. | শিশু কিডনী রোগীদের ডায়ালাইসিসের ব্যবস্থা | সেন্টারগুলোতে শিশু কিডনী রোগীদের ডায়ালাইসিসের ব্যবস্থা নেই। এ ব্যাপারে ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। |
| ৮. | Independent Panel | Independent Panel সঠিকভাবে গঠন করে তা কার্যকর করতে হবে। |
| ৯. | ক্ষমতা প্রদান | ডাঃ সুফিয়া শিরিন, উপ-পরিচালক, এনআইকেডিইউ সভাকে জানান যে সেন্টারগুলোর জনবল সুপারভিশন মনিটর করার নিয়ম থাকলেও অথিরিটিকে কোন ক্ষমতা প্রদান করা হয় নাই। এক্ষেত্রে জনবল নিয়োগ কমিটিতে অথরিটিকে অর্ন্তভুক্ত করার সহ অভিযুক্ত জনবলের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করার ক্ষমতা প্রদান করতে হবে। অকেজো কোন মেশিন যাতে তৎক্ষনাত অপসারন করা যায় এর ক্ষমতা প্রদান। |
| ১০. | ক্যাপসুল লিফট | নিজস্ব ব্যবস্থাপনায় স্যান্ডর ডায়ালাইসিস সেন্টারে আগত রোগীদের জন্য আলাদা ক্যাপসুল লিফট স্থাপনের কথা বলেন। নতুবা নিকডু হাসপাতালের পরিবেশ নষ্ট হয়। |
| ১১. | অক্সিজেন ও ভ্যাকুয়াম গ্যাস | ডায়ালাইসিস সেন্টার অক্সিজেন ও ভ্যাকুয়াম গ্যাস নিজস্ব ব্যবস্থাপনায় স্যান্ডর সরবরাহ করবে। |
| ১২. | মুক্তিযোদ্ধা | মুক্তিযোদ্ধাদের কোন প্রকার কোটা ছাড়াই ফ্রি ডায়ালাইসিসের ব্যবস্থা করা। |

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্নিত সুপারিসমূহ গ্রহন করা হয়ঃ

১. NIKDU এবং CMCH উভয় সেন্টারে অভিজ্ঞ চিকিৎসক, ডিপ্লোমাধারী নার্স এবং ডিপ্লোমাধারী ডায়ালাইসিস টেকনিশিয়ান নিয়াগ করিবে।

২. হেমোডায়ালাইসিস রোগীর ডায়ালাইসিস ফ্লুইড উৎপাদন আন্তর্জাতিক মান অনুসারে করতে হবে।

৩. পানি পরিশোধন প্রক্রিয়ায় উন্নতমানের লবন ব্যবহার করা ।

৪. জরুরী প্রয়োজনে ভাউটাল মনিটর ইসিজি মেশিন এবং সাকার মেশিন এর ব্যবস্থা করা।

৫. যে সকল ডায়ালাইজার একবার ব্যবহারের জন্য তৈরী সে সকল Single use Dialyzer একবার ব্যবহারের করিতে

৯. Independent Panel সঠিকভাবে গঠন করে তা কার্যকর করতে হবে।

১০. জনবল নিয়োগ কমিটিতে NIKDU এবং CMCH অথরিটিকে অর্ন্তভুক্ত করার সহ অভিযুক্ত জনবলের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করার ক্ষমতা প্রদান করতে হবে।

১১. সেন্টারগুলোতে ক্যাপসুল লিফট স্থাপন, অক্সিজেন ও ভ্যাকুয়াম গ্যাস নিজস্ব ব্যবস্থাপনায় সরবরাহ করিতে হবে।

উক্ত সুপারিশ সমূহ মন্ত্রণালয়ে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সভায় আর কোন আলোচ্যসুচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করেন।

(ডাঃ মোঃ আমিনুল হাসান)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
Email:directorhospital@ld.dghs.gov.bd
ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১

## A
## Dialysis cost per session per patient for single use Dialyzer

| | | |
|---|---|---|
| 1. Dialyser | - | Tk.800/- |
| 2. Dialysis fluid | - | (Part- A Tk. 170/-, Part- B, Tk. 260/-) = 430/- |
| 3. AV line | - | Tk. 200/- |
| 4. Fistula needle | - | Tk. 70/- |
| 5. Normal Saline 1L | - | Tk. 75/- |
| 6. Saline set | - | Tk. 25/- |
| 7. D/Syringe (10cc+ 20cc) | - | Tk. 50/- |
| 8. Inj. Heparin | - | Tk. 80/- |
| 9. Gloves | - | Tk. 50/- |
| 10. Chemical (Citrosteril) | - | Tk. 100/- |
| 11. Diasef ( Endotoxin filter) | - | Tk.50/- |
| 12. Others (Hexixol, Micropore, Glucose strip) | - | Tk. 150/- |
| **Total** | - | **Tk. 2080/-** |

**Other expenses:**
Rent of space
Charge of electricity
Charge of wáter supply (120 L/HD session)
Charge of oxygen supply and vaccum
Salary of Dialysis technician + Nurse+ Doctors
Dialysis machine+ RO Machine + Furniture (Set up & maintenance)

## B
## Dialysis cost per session per patient for Reuse Dialyzer

| | | |
|---|---|---|
| 1. Dialyser | - | Tk. 200/- |
| 2. Dialysis fluid | - | (Part- A Tk. 170/-, Part- B, Tk. 260/-) = Tk. 430 |
| 3. Fistula needle | - | Tk. 70/- |
| 4. Normal Saline 1L | - | Tk. 150/- |
| 5. Saline set | - | Tk. 25/- |
| 6. D/Syringe (10cc+ 20cc) | - | Tk. 50/- |
| 7. Inj. Heparin | - | Tk. 80/- |
| 8. Gloves | - | Tk. 50/- |
| 9. Chemical (Citrosteril) | - | Tk. 100/- |
| 10. Diasef (Endotoxin filter) | - | Tk.50/- |
| 11. Others (Hexixol, Micropore, Glucose test) | - | Tk. 150/- |
| 12. Reuse solution + Service charge | - | Tk. 120/- |
| **Total** | - | **Total Tk. 1475/-** |

**Other expenses:**
Rent of space
Charge of electricity
Charge of wáter supply (120 L/HD session)